# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৯৭

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/১৯. মহিলাদের রেশমী বস্ত্র ও সোনা ব্যবহার

بَاب لُبْسِ الْحَرِيرِ وَالذَّهَبِ لِلنِّسَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ، عَنِ الإِفْرِيقِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَفِي إِحْدَى يَدَيْهِ ثَوْبٌ مِنْ حَرِيرٍ وَفِي الأُخْرَى ذَهَبٌ فَقَالَ " إِنَّ هَذَيْنِ مُحَرَّمٌ عَلَى ذُكُورِ أُمَّتِي حِلٌّ لإِنَاثِهِمْ " .

বাংলা

৩/৩৫৯৭। আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে আমাদের নিকট এলেন। তাঁর এক হাতে ছিল একটি রেশমী বস্ত্র এবং অপর হাতে ছিল এক টুকরা সোনা। তিনি বলেনঃ এ দু’টি জিনিস আমার উম্মাতের পুরুষদের জন্য হারাম এবং তাদের মহিলাদের জন্য হালাল।

## English

It was narrated that ‘Abdullah bin ‘Umar said:
“The Messenger of Allah (ﷺ) came out to us, and in one of his hands was a garment of silk and in the other was some gold. He said: ‘These are forbidden to the males of my nation and permitted to the females.’”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আল-ইফরিকী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবুল কাশিম বিন বিশকাওয়াল বলেন, তিনি দুর্বল। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য হবে না। আহমাদ বিন শু'আয়ব

আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি একজন সালিহ ব্যাক্তি তবে তার স্মৃতিশক্তি দুর্বল। ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮১৭, ১৭/১০২ নং পৃষ্ঠা) ২. আবদুর রহমান বিন রাফি সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তার খবর দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। মুহাম্মাদ বিন মাহবুব বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তিনি প্রসিদ্ধ নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮১১, ১৭/৮৩ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আল-ইফরিকী ও আবদুর রহমান বিন রাফি এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১৪৫ টি শাহিদ হাদিস রয়েছে, ১৫ টি খুবই দুর্বল, ৮৩ টি দুর্বল, ৩৯ টি হাসান, ৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১৭২০, আবু দাউদ ৪০৫৭, আহমাদ ৭৫২, ৯৩৭, ১৯০০৭, ১৯১৪৬, মু'জামুল আওসাত ৩৬০৪, ৫১৬১, ৭৮০৯, ৮৯২৪, শারহুস সুন্নাহ ৩১০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন